দৈনিক বাংলা

তারিখ 30 APR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

# ২৬ মে ঢাকা ভার্সিটি অনার্সে খ ইউনিটের ভর্তি পরীক্ষা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষ 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ২৬ মে শুক্রবার সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এই পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হয়েছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় অনার্স সম্মান 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা গত ২১ এপ্রিল অনুষ্ঠিত হয়। কিন্তু সে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠে। এ প্রেক্ষিতে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটি তাদের রিপোর্টে প্রশ্নপত্র ফাঁস হয়েছে এমন কিছুই বলতে পারেননি। কিন্তু কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষা সম্পর্কে জনমনে যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে তা নিরসনের জন্য ঐ পরীক্ষা বাতিল ঘোষণা করেন।

এদিকে শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানিয়েছেন, প্রশ্নপত্র ফাঁসের বিষয় বর্তমানে পুলিশের ডিটেক্টিভ ব্রাঞ্চ বা ডিবি তদন্ত করে দেখছে। তবে সূত্র জানান, এখনও পর্যন্ত প্রশ্ন ফাঁসের ব্যাপারে কোন রহস্য উদঘাটিত হয়নি।